প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা–২০১৪
বিষয় : খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা
[দ্রষ্টব্য : ডান পাশে উল্লেখিত সংখ্যার প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ১০০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১×৪০=৪০

১। সুস্থ এবং নিরাপদ থাকার জন্য মানুষের যা করা উচিত—
ক. প্রতিদিন নিয়মিত পুষ্টিকর খাবার খাওয়া
খ. দেহ, মন ও আত্মার সম্পর্ক অনুধাবন করা
গ. সব সময় ভালো আচরণ করা
ঘ. নিয়মিত ব্যায়াম করা

২। ঈশ্বর মানুষকে যার উপর প্রভুত্ব করার জন্য ক্ষমতা দিয়ে সৃষ্টি করেছেন—
ক. মানুষ ছাড়া সকল সৃষ্টির খ. সমুদ্রের সকল প্রাণীর
গ. সকল পাখি ঘ. সকল স্থলচর জীবজন্তুর

৩। আমাদের আত্মার সুস্বাস্থ্য রক্ষার জন্য যা করা প্রয়োজন—
ক. পাপমুক্ত জীবনযাপন খ. সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা
গ. ভালো পাখি ঘ. সাধুদের মতো জীবন কাটানো

৪। আমরা প্রভুর প্রার্থনা করবো—
ক. বিভিন্ন পর্বে খ. প্রত্যেক দিন
গ. শুধুমাত্র রোববারে ঘ. যখন সমস্যায় পড়বো

৫। ঈশ্বরকে ডাকার স্থান হলো—
ক. শুধুমাত্র গীর্জা খ. পৃথিবীর সকল জায়গা
গ. নির্জন স্থান ঘ. পাহাড়ের উপর

৬। কীভাবে আমরা সব সময় স্রষ্টার সান্নিধ্যে থাকতে পারি?
ক. সব সময় স্রষ্টার সৃষ্টির কথা ভেবে
খ. গরীবদের দেখাশোনা করে ও খাবার দিয়ে
গ. পীড়িত মানুষের সেবা করে
ঘ. একান্তমনে তার প্রার্থনা করে

৭। ঈশ্বর আবেলের দান গ্রহণ করে তাঁকে আশীর্বাদ করলেন, কারণ—
ক. আবেলের দানের পরিমাণ ছিল প্রচুর
খ. আবেলের দানকৃত পশুগুলো ছিল সবল
গ. আবেল দানে ছিলেন আন্তরিক
ঘ. দান হিসেবে পশু ঈশ্বরের কাছে প্রিয়

৮। প্রবক্তাদের অনুসরণ করা জরুরি, কারণ তারা হলেন—
ক. অনেক জ্ঞানী খ. মেধাবী
গ. সৎব্যক্তি ঘ. স্রষ্টার বাণীবাহক

৯। ঈশ্বর প্রবক্তাদের যে দায়িত্ব দিয়ে পাঠিয়েছেন—
ক. মানুষকে সঠিক পথে পরিচালিত করা
খ. মানুষকে সংসারধর্ম পালন করা শিখানো
গ. মানুষকে বিজ্ঞান শেখানো
ঘ. পাপীদের শাস্তি দেওয়া

১০। প্রবক্তাদের কাহিনি মূলত আমরা যে কারণে জানব—
ক. চরিত্রবান হওয়ার জন্য
খ. সততা শিক্ষার জন্য
গ. প্রবক্তার ভূমিকা পালনের জন্য
ঘ. ন্যায়পরায়ণতার জন্য

১১। ঈশ্বরের কোন আজ্ঞা তোমাকে পরীক্ষায় নকল করা থেকে বিরত রাখবে?
ক. ব্যাভিচার করবে না
খ. পরের দ্রব্যে লোভ করবে না
গ. মিথ্যা সাক্ষ্য দেবে না
ঘ. চুরি করবে না

১২। ঈশ্বর কেন আমাদের নিকট যীশুকে প্রেরণ করেছেন?
ক. আমাদের সুখী করতে
খ. আমাদের গল্প শোনাতে
গ. আমাদের করণীয় বলতে
ঘ. আমাদের সুন্দর আচরণ শিক্ষা দিতে

১৩। প্রলোভনে না পড়ার জন্য আমাদের করণীয়—
ক. সব সময় বিশপের দেওয়া তৈল ব্যবহার করা
খ. প্রতি রোববার বিশপের হাত চুম্বন করা
গ. স্রষ্টার কাছে সাহায্য প্রার্থনা করা
ঘ. সব সময় পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা

১৪। "যিশু আমাদের জন্য মৃত্যুবরণ করেছেন"— এ কথাটির অর্থ কী?
ক. যিশু তাঁর ভুলের জন্য মৃত্যুবরণ করেছেন
খ. খারাপ লোকেরা যিশুকে হত্যা করেছিল
গ. আমাদের পাপের প্রায়শ্চিত্ত হিসেবে মৃত্যুবরণ করেছেন
ঘ. যিশু পাপ করেছেন তাই মৃত্যুবরণ করেছেন

১৫। প্রভু যিশুর আগমনের প্রধান উদ্দেশ্য হচ্ছে—
ক. মানব জাতিকে আদি পাপ থেকে মুক্তি দান
খ. শারীরিকভাবে অসুস্থ মানুষকে সেবাদান
গ. মানসিক চিকিৎসক হিসেবে দায়িত্ব পালন
ঘ. ধর্মগুরু হিসেবে দায়িত্ব পালন

১৬। আমরা কীভাবে খ্রিস্টান হতে পারি?
ক. চার্চে গিয়ে
খ. বাইবেল পড়ে
গ. যীশুকে ত্রাণকর্তা হিসেবে গ্রহণ করে
ঘ. সবার সাথে ভালো ব্যবহার করে

১৭। আমরা যাকে বলি পুত্র ও ঈশ্বর তিনি হলেন—
ক. কায়িন খ. পল গ. জুদাস ঘ. যীশু

১৮। স্রষ্টার বিধান বলতে আমরা যা বুঝি—
ক. বাইবেল
খ. যীশুর সময়ে যা ঘটেছিল
গ. স্বর্গ পাওয়ার বিষয়ে স্রষ্টার প্রতিশ্রুতি
ঘ. ভালো জীবনযাপনের উপায়

১৯। বাইবেল কী?
ক. প্রাচীন যুগের বিভিন্ন মানুষের গল্প
খ. ঈশ্বরের কথা ও সত্য
গ. যীশুর গল্প
ঘ. দশ আজ্ঞা

২০। ঈশ্বরের সান্নিধ্য লাভের জন্য তুমি কী করবে?
ক. সব সময় উপাসনালয়ে অবস্থান করবে
খ. যীশুকে ঈশ্বর হিসেবে মেনে নেবে
গ. শুধুমাত্র ঈশ্বরের বাণী প্রচার করবে
ঘ. সাক্রামেন্টগুলো ভালোভাবে অনুসরণ করবে

২১। ঈশ্বর একই সময়ে কত জায়গায় থাকতে পারেন?
ক. এক জায়গায় খ. তিন জায়গায়
গ. পাঁচ জায়গায় ঘ. সব জায়গায়

২২। পিতা, পুত্র ও পবিত্র আত্মার মধ্যে কী বিরাজ করে?
ক. হিংসা খ. একতা গ. শান্তি ঘ. ঘৃণা

Teachingbd.com

২৩। মার্টিন লুথার কিং কী নীতি অনুসরণ করেছিলেন?

ক. হিংসার খ. অহিংসার গ. দাসত্বের ঘ. খড়গের

২৪। কী কারণে মানুষ সব কিছু থেকে আলাদা?

ক. বুদ্ধি আছে বলে খ. মন আছে বলে

গ. দেহ আছে বলে ঘ. আত্মা আছে বলে

২৫। পৃথিবীতে আদম ও হবার দিন কেমন কেটেছিল?

ক. আনন্দের খ. বেদনার

গ. কঠোর পরিশ্রমের ঘ. আরামের

২৬। কায়িনের পেশা কী ছিল?

ক. জমিচাষের খ. মেষপালনের

গ. শিক্ষকতার ঘ. পশুপালনের

২৭। আমরা কীভাবে পবিত্র হতে পারি?

ক. নিয়মিত প্রার্থনা করলে

খ. ভালো সম্পর্ক গড়ে তুললে

গ. ভালো ভালো উপদেশ শুনলে

ঘ. অন্যকে ভালো পরামর্শ দিলে

২৮। আবেল নৈবেদ্য হিসেবে কী উৎসর্গ করল?

ক. গরু খ. ফলমূল

গ. ক্ষেতের ফসল ঘ. মেষ শাবক

২৯। ঈশ্বর দাউদের উপর অসন্তুষ্ট হয়ে কোন প্রবক্তাকে পাঠিয়েছিলেন?

ক. যিরমিয় খ. যিশাইয় গ. নাথান ঘ. সামুয়েল

৩০। মুক্তিদাতার আগমন সম্পর্কে ভবিষ্যদ্বাণী করেছেন কোন প্রবক্তা?

ক. ইসাইয়া খ. মিখা গ. হগয় ঘ. যোনা

৩১। পুনরুত্থিত যীশুর দেহ হলো—

ক. নশ্বর দেহ খ. ক্ষতবিক্ষত দেহ

গ. গৌরবান্বিত দেহ ঘ. অমর দেহ

৩২। জগতের অন্তিমকাল পর্যন্ত কে আমাদের সঙ্গে থাকবেন?

ক. পিতর খ. যাকোব গ. যোহন ঘ. যীশু

৩৩। নিম্নতর স্বভাব আমাদের কোন দিকে পরিচালিত করে?

ক. পাপের পথে খ. স্বর্গের পথে

গ. জীবনের পথে ঘ. সঠিক পথে

৩৪। সেবা কাজের ফলে কী হয়?

ক. মণ্ডলী জীবন্ত থাকে খ. ভক্তজন সেবা পায়

গ. দেশের উন্নতি হয় ঘ. যীশু খুশি হন

৩৫। কাদের জন্য মণ্ডলী রোগী লেপন সাক্রামেন্তের ব্যবস্থা করেছেন?

ক. সবার জন্য খ. শিশুদের জন্য

গ. রোগীদের জন্য ঘ. বয়স্কদের জন্য

৩৬। মাহলোন কে ছিলেন?

ক. অর্পার স্বামী খ. রুথের ছোট ভাই

গ. রুথের স্বামী ঘ. কিলিয়নের ছোট ভাই

৩৭। ঈশ্বর কখন পৃথিবীর সকল জাতির সকল মানুষ ও দেবদূতদের বিচার করবেন?

ক. মৃত্যুর দিন খ. যুগের শেষ দিন

গ. প্রত্যেক দিন ঘ. প্রত্যেক মুহূর্তে

৩৮। মুক্তিলাভের জন্য প্রয়োজন—

ক. গভীর বিশ্বাস, ইচ্ছা ও প্রচেষ্টা

খ. ক্ষমালাভ ও ক্ষমা করা

গ. পবিত্র আত্মার প্রেরণা ঘ. বিশ্বাস ও প্রেম

৩৯। আহতদের জন্য কী করা দরকার?

ক. ডাক্তার দেখানো খ. চিকিৎসা করা

গ. সেবা করা ঘ. খাবার দেওয়া

৪০। সারা বাংলাদেশে মণ্ডলী পরিচালিত কয়টি প্রাইমারি স্কুল রয়েছে?

ক. ৫১০টি খ. ৫১১টি গ. ৫১২টি ঘ. ৫১৩টি

২। **উপযুক্ত শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর :** ১ × ১০ = ১০

ক. মানুষের দেহ, মন ও ——— আছে।

খ. পরমেশ্বরকে আমরা যদি মেনে চলি তবে ——— সুখে থাকব।

গ. পবিত্র বাইবেলে ——— জন প্রবক্তার নামে গ্রন্থ আছে।

ঘ. ঈশ্বর মানুষের ——— দেখতে চান, বস্তু নয়।

ঙ. ত্রাণকর্তা পাঠানোর প্রতিশ্রুতি দিয়েছিলেন ———।

চ. দেহের বশে চললে ——— খুশি হয়।

ছ. বোয়াজকে রুথ বিয়ে করেছিলেন ——— রক্ষার জন্য।

জ. ঘূর্ণিঝড়ের সময় ——— পানি ফুলে অনেক উঁচু হয়ে যায়।

ঝ. পবিত্র আত্মা আমাদের দেন ——— ।

ঞ. মণ্ডলী জীবন্ত থাকে ——— কাজের মধ্য দিয়ে।

৩। **সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর** ১ × ১০ = ১০

ক. মন দিয়ে মানুষ কী কী করতে পারে?

খ. কাজের লোক বা শ্রমিকদের সাথে কেমন ব্যবহার করতে হবে?

গ. কায়িন ও আবেল কে ছিলেন?

ঘ. ঈশ্বর কার উপর অসন্তুষ্ট হলেন?

ঙ. সততা বলতে কী বোঝ?

চ. পুনরুত্থানের কতদিন পর যীশু স্বর্গারোহণ করেছিলেন?

ছ. যীশু শিষ্যদের কী আদেশ দিয়েছিলেন?

জ. রুথ কোন দেশের নারী ছিলেন?

ঝ. সেবাকাজ সম্পর্কে যীশুর মনোভাব কী?

ঞ. নেলসন কোন শহরে জন্মগ্রহণ করেন?

৪। **ক, খ ও গ নং প্রশ্নসহ যেকোনো ৮টি প্রশ্নের উত্তর দাও।** ৫ × ৮ = ৪০

ক. এমন ৫টি উপায় উল্লেখ কর যেভাবে তুমি পরিবারে মা-বাবা, ভাই-বোনকে মর্যাদা ও সম্মান প্রদর্শন করতে পার।

খ. ৫টি বৈশিষ্ট্য উল্লেখ কর-যার মাধ্যমে একজন ব্যক্তিকে প্রবক্তা হিসেবে নিয়ন্ত্রণ করা যায়।

গ. হিংসা একটি জঘন্য পাপ। এ পাপ থেকে বিরত থাকার ৫টি উপায় লেখ।

ঘ. পিতা-মাতার প্রতি সন্তানসুলভ ৫টি দায়িত্ব লেখ।

ঙ. পরের দ্রব্যে লোভ করবে না— আজ্ঞাটি পাঁচটি বাক্যে ব্যাখ্যা কর।

চ. যীশু শিষ্যদের কী নির্দেশ দিয়ে প্রেরণ কাজে পাঠিয়েছিলেন?

ছ. রুথের জীবনী থেকে তুমি কী শিক্ষা নিতে পার, তা ৫টি বাক্যে লেখ।

জ. কীভাবে আমরা পরিত্রাণ লাভ করতে পারি, তা ৫টি বাক্যে লেখ।

ঝ. দেহ, মন ও আত্মার কাজ সম্পর্কে ৫টি বাক্য লেখ।

ঞ. ঘূর্ণিঝড়ের আগে আমাদের পাঁচটি করণীয় উল্লেখ কর।

উত্তরমালা

১।

১	খ	২	ক	৩	ক	৪	খ	৫	খ	৬	ঘ	৭	গ	৮	ঘ
৯	ক	১০	গ	১১	ঘ	১২	গ	১৩	গ	১৪	গ	১৫	ক	১৬	গ
১৭	ঘ	১৮	গ	১৯	খ	২০	ঘ	২১	ঘ	২২	খ	২৩	খ	২৪	ক
২৫	গ	২৬	ক	২৭	ক	২৮	ঘ	২৯	গ	৩০	ক	৩১	গ	৩২	ঘ
৩৩	ক	৩৪	ক	৩৫	গ	৩৬	ক	৩৭	খ	৩৮	ক	৩৯	খ	৪০	ঘ

২। উত্তর : (ক) আত্মা; (খ) অনন্তকাল; (গ) ১৬; (ঘ) মনোভাব; (ঙ) ঈশ্বর; (চ) শয়তান; (ছ) বংশ; (জ) সমুদ্রের; (ঝ) জীবন; (ঞ) প্রেরণ।

৩। (ক) মন দিয়ে মানুষ চিন্তা, পরিকল্পনা, পড়াশোনা, নতুন কিছু আবিষ্কার ইত্যাদি করতে পারে।

(খ) সুন্দর ব্যবহার করতে হবে।

(গ) আদম ও হবার পুত্র।

(ঘ) দাউদের ওপর।

(ঙ) কথায় ও কাজে সৎ আচরণই হলো সততা।

(চ) চল্লিশ দিন পর।

(ছ) 'তোমরা গিয়ে সকল জাতির মানুষকে আমার শিষ্য কর; পিতা, পুত্র ও পবিত্র আত্মার নামে তাদের দীক্ষাস্নাত কর।'

(জ) মোয়াব দেশের।

(ঝ) সেবাকাজ সম্পর্কে যীশুর মনোভাব হলো– তিনি সেবা পাওয়ার জন্য আসেননি, এসেছেন সেবা করতে।

(ঞ) দক্ষিণ আফ্রিকার ট্রান্সকাই শহরে।

Teachingbd.com